

রবিবার 'এক মিনিট শব্দহীন' থাকবে সব স্কুল-কলেজ

অনলাইন ডেস্ক

১৪ অক্টোবর ২০২৩, ১১:০১ এএম



সংগৃহীত ছবি

সব স্কুল-কলেজে আগামীকাল রবিবার 'এক মিনিট শব্দহীন' কর্মসূচি পালন করা হবে। শব্দদূষণ বিষয়ে জনসচেতনতা বাড়াতে এদিন সকাল ১০টা থেকে ১০টা ১ মিনিট পর্যন্ত সব স্কুল-কলেজে এ কর্মসূচি পালনের নির্দেশ দেওয়া হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের 'এক মিনিট শব্দহীন' কর্মসূচি পালনে স্কুল-কলেজগুলোকে নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

অধিদপ্তরের সহকারী পরিচালক রূপক রায়ের সই করা আদেশে বলা হয়, শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে 'শব্দদূষণ বন্ধ করি, নিরব মিনিট পালন করি' স্লোগানকে সামনে রেখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনে নেওয়া কর্মসূচির আলোকে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সকাল ১০টা থেকে ১০টা ১ মিনিট পর্যন্ত '১ মিনিট শব্দহীন' কর্মসূচি পালনের জন্য নির্দেশ দেওয়া হলো।

এদিকে, গত ১২ অক্টোবর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় আয়োজিত সংবাদ সম্মেলনে পরিবেশ সচিব ড. ফারহিনা আহমেদ জানান, শব্দহীন থাকা যে কত শান্তির তা জনগণকে বোঝানোর চেষ্টা করা হবে। মানুষের জন্য শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করতে সবাই এক সঙ্গে কাজ করে শব্দদূষণ রোধ করতেই হবে।

এদিন ঢাকা শহরের ১০টি শব্দদূষণপূর্ণ স্থানে সকাল সাড়ে ৯টা থেকে সকাল ১০টা পর্যন্ত শব্দদূষণ নিয়ন্ত্রণ বিষয়ে বিশেষ ক্যাম্পেইন চালানো হবে। শব্দ সৃষ্টিকারীদের মধ্যে সচেতনতামূলক লিফলেট, স্টিকার বিতরণ করবেন। পরে ১০টা থেকে ১০টা এক মিনিট পর্যন্ত শব্দহীন থাকবে ঢাকা শহর। একই সঙ্গে এক মিনিট হর্ন বাজানো থেকে বিরত থাকার আহ্বান জানানো হবে।

এসব স্থানে মন্ত্রণালয়ের মন্ত্রী, উপমন্ত্রী, সচিবসহ এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর, সংস্থার কর্মকর্তা, কর্মচারী, স্কুল-কলেজের স্কাউট সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি দপ্তর, সংস্থার কর্মকর্তা, কর্মচারী, ট্রাফিক পুলিশ ও পরিবহন মালিক সমিতির সদস্যরা ব্যানারসহ উপস্থিত থাকবেন।